

ফেনী জেলাধীন ফুলগাজী উপজেলার সংগ্রহ ও মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মোঃ সাইফুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার, ফুলগাজী, ফেনী।
সভার স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলগাজী, ফেনী।
সভার তারিখঃ ০৫/১২/২০১৯ খ্রিঃ সময়ঃ সকাল ১০.৩০টা

সভায় উপজেলা চেয়ারম্যান সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার প্রারম্ভে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক তথা সদস্য সচিব উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি অভ্যন্তরীণ আমন ধান সংগ্রহ অভিযান -২০১৯-২০ এর অধীনে সরকারি অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা-২০১৭ ও অন্যান্য নির্দেশাবলী যা খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং- ১৩.০০.০০০০.০৪৩.২২.০১১.১৭.১৩৯ তারিখ: ১৭ নভেম্বর ২০১৯, খাদ্য অধিদপ্তরের স্মারকনং-১৩.০১.০০০০.০৯১.৪৫.১৬৯.১৯.৯৫/১(৩) তারিখঃ ১৭/১১/২০১৯ খ্রিঃ এবং স্মারকনং- ১৩.০১.০০০০.০৯১.৪৫.১৬৯.১৯.৯৮ তারিখঃ ১৮/১১/২০১৯ খ্রিঃ, জেলা খাদ্য নিয়ন্ত্রক, ফেনীর স্মারক নং-১৩.০৩.১৯০০.০০৩.৪৫.০০৭.১৮.১৫৬২(৩০) তারিখঃ ১৯/১১/২০১৯ খ্রিঃ মোতাবেক উপজেলাওয়াসী ধান সংগ্রহের বিভাজন উপস্থিত সকলকে পড়ে শুনান। তিনি সভাকে আরো জানান যে, ফুলগাজী উপজেলায় বরাদ্দকৃত ধানের পরিমাণ ৬৬৬.০০০ মেঃটন। প্রতিকৈজি ধানের সংগ্রহ মূল্য ২৬/-টাকা। ধান সংগ্রহে জন্য স্থানীয় খাদ্য গুদামে প্রয়োজনীয় ব্যবস্থা রাখা হয়েছে। সংগ্রহের সময়সীমা ২০ নভেম্বর ২০১৯ থেকে ২৮ ফেব্রুয়ারী ২০২০ খ্রিঃ পর্যন্ত। ধানের মূল্য সরাসরি কৃষকের ব্যাংক একাউন্টের মাধ্যমে পরিশোধ করা হবে। উপজেলার বরাদ্দকৃত ৬৬৬ মেঃ টন ধান সংগ্রহের জন্য সর্বোচ্চ সংখ্যক কৃষকে সুযোগদানের লক্ষে প্রতি কৃষকের নিকট হতে ১ মেঃ টন ধান সরকারী খাদ্য গুদামে সংগ্রহ/ক্রয় করা যেতে পারে মর্মে উপস্থিত সকলে একমত পোষন করেন। সভায় উপজেলা কৃষি অফিসার কর্তৃক জানানো হয় যে, এ বছর ফুলগাজী আমন ধান চাষ করেছেন এমন কৃষকের সংখ্যা ৩৯১৯ জন, যা ইউনিয়নওয়াসী তালিকা উপজেলা ওয়েব পোর্টালে আপলোড করা হয়েছে। উক্ত তালিকা হতে দৈবচয়ন/লটারীর মাধ্যমে প্রাথমিকভাবে ৬৪৩ জন সরকারী গুদামে ধান বিক্রয় করতে আগ্রহী কৃষক বাছাই করা হয়েছে। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা কমিটি নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্তঃ

১. অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা-২০১৭ অনুযায়ী সরকারী বিনির্দেশ মোতাবেক ধান সংগ্রহ করতে হবে।
২. প্রতিজন কৃষক হতে ১ (এক) মেঃ টন ধান ক্রয় করা হবে।
৩. প্রাথমিকভাবে নির্বাচিত ৬৪৩ জন কৃষকের নিকট হতে ধান ক্রয় করা হবে। উক্ত বাছাইকৃত তালিকা উপজেলা কৃষি অফিসার কর্তৃক ওয়েব পোর্টালে আপলোড করা হবে।
৪. কৃষি কার্ড ও এনআইডি কার্ড সাথে আনতে হবে।
৫. কোন অবস্থাতেই ফড়িয়া/ব্যবসায়ী/ মধ্যসত্ত্বভোগীদের নিকট হতে ধান ক্রয় যাবে না।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সাইফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি
উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি
ফুলগাজী, ফেনী।

স্মারক নং ১৩.০১.৩০৪১.০০১.১৬.০০৩.১৯.২১৬

তারিখঃ ০৫/১২/২০১৯ খ্রিঃ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। মাননীয় সংসদ সদস্য, ফেনী ১ আসন
- ২। জেলা প্রশাসক, ফেনী।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ফেনী।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলগাজী, ফেনী।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, ফুলগাজী, ফেনী।
- ৬-৮। উপজেলা কৃষি/পল্লী উন্নয়ন/মহিলা বিষয়ক অফিসার, ফুলগাজী, ফেনী।
- ৯। জনাব আবুল আলম আজমীর, কৃষক প্রতিনিধি, দরবারপুর, ফুলগাজী, ফেনী।
- ৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফুলগাজী খাদ্য গুদাম, ফুলগাজী, ফেনী।
- ১০। অফিস কপি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

সদস্য সচিব

উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি
ফুলগাজী, ফেনী।